



সংখ্যা জীবিস:- ১০৩(৭)/০৩

তারিখ : ১৭.০৫.২০২৬

সংশোধিত বিজ্ঞপ্তি
২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের এম. এস. ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর জীববিজ্ঞান অনুষদের অধীনস্থ মনোবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, চিকিৎসা মনোবিজ্ঞান, মাইক্রোবায়োলজি বিভাগে ২০২২-২০২৩, ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এম.এস. ১ম সেমিস্টারে শূন্য আসনে ভর্তি করা হবে। আবেদনকারীদের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ব্যতীত) এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারী কলেজ হতে স্নাতক/স্নাতক (সম্মান) পাশকৃত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগের মাস্টার্স প্রোগ্রামে আবেদন করতে পারে। আশ্রয়ী প্রার্থীদের নিকট থেকে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে আগামী ১৮.০৬.২০২৬ তারিখের মধ্যে নির্ধারিত ফর্মে সকল কাগজ-পত্রসহ নিজ নিজ বিভাগে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ফর্ম রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (<https://www.ru.ac.bd>) অথবা সংশ্লিষ্ট বিভাগের অফিস থেকে সংগ্রহ করা যাবে।

যোগ্যতা :

- ১। আবেদনের ন্যূনতম যোগ্যতা: স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।
- ২। আবেদনকারী যে বিভাগ/সমরূপ (alike) বিভাগ থেকে স্নাতক/স্নাতক (সম্মান) পাশ করেছে, শুধুমাত্র সে বিভাগে/সমরূপ বিভাগে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ৩। স্নাতক/স্নাতক (সম্মান) পাশের পর ০৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে ভর্তির জন্য আবেদনের সুযোগ থাকবে।
- ৪। মাস্টার্স প্রোগ্রামে ভর্তি ও একাডেমিক কার্যক্রম বিশ্ববিদ্যালয় প্রণীত ক্যালেন্ডার অনুযায়ী বাস্তবায়িত হবে।
- ৫। ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হবে এবং সংশ্লিষ্ট অধিকর্তা-এর তত্ত্বাবধানে নিজ নিজ বিভাগ কর্তৃক এ পরীক্ষা পরিচালিত হবে।
- ৬। ভর্তি পরীক্ষার আবেদন ফি ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট বিভাগে প্রদান করতে হবে।

শর্তাবলী :

- ১। যথাযথভাবে পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র আগামী ১৭.০৫.২০২৬ তারিখ হতে ১৮.০৬.২০২৬ তারিখ পর্যন্ত বিকাল ৪ ঘটিকার মধ্যে বিভাগীয় কার্যালয়ে নগদ ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে পরীক্ষার অংশ নেয়ার জন্য প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- ২। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট, শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত কপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ফর্মের সঙ্গে সংযুক্ত করে জমা দিতে হবে।
- ৩। ২৫.০৬.২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১১ ঘটিকায় (১ ঘন্টা) নিজ নিজ বিভাগে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বি.এস-সি (সম্মান) এর পাঠ্যক্রমের উপর ১০০ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্ন উত্তর পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ৪। ভর্তি পরীক্ষায় পাশ করার জন্য ৪০% নম্বর পেতে হবে। ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ফলাফল প্রকাশ করা হবে।
- ৫। লিখিত পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রার্থীদের ফলাফল ২৫.০৬.২০২৬ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকায় প্রকাশ করা হবে। ঐ দিনই সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট ও অন্যান্য দলিলাদির মূল কপি সাথে নিয়ে আনতে হবে এবং প্রদর্শন করতে হবে।
- ৬। সাক্ষাৎকার শেষে মেধাক্রমের ভিত্তিতে নির্ধারিত আসনে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির জন্য সুপারিশ করা হবে।
- ৭। আবেদনকারীদের নিজ নিজ বিশ্ববিদ্যালয় হতে সংগৃহীত মাইগ্রেশন সার্টিফিকেট ভর্তির সময় জমা দিতে হবে।
- ৮। ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়াবলী পরিবর্তন, পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা অনুষদ কর্তৃক সংরক্ষিত।

১৭/৫/২৬
(প্রফেসর ড. মো. গোলাম মোর্ত্তজা)

ডীন
জীববিজ্ঞান অনুষদ, রা. বি.